দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 02 NOV 1998 ...
পৃঃ ৬ কলাম ৩ ...

২৭

# ইসলামী ভার্সিটি ॥ আহত আরেক ছাত্রের মৃত্যু ॥ আজ কুষ্টিয়া ও ঝিনাইদহে হরতাল আহ্বান

**ইসলামী ভার্সিটি সংবাদদাতা** ॥ শনিবার ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ, ছাত্র শিবির ও পুলিশের মধ্যে সংঘর্ষে আহত শিবির কর্মী আল মামুন (দাওয়া ১ম বর্ষ) রবিবার বেলা সাড়ে এগারোটায় ঢাকায় হাসপাতালে মারা গেছে। মামুনের বাড়ি কুমিল্লার বুড়িচংয়ে। এ নিয়ে মৃতের সংখ্যা দাঁড়াল দুইয়ে। শিবিরের অপর কর্মী নাজিমউদ্দিনও হাসপাতালে মৃত্যুর প্রহর গুনছে। এদিকে শনিবার নিহত মহসিনের লাশ ঝিনাইদহ পৌর গোরস্থানে দাফন করা হয়েছে। এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর মাহতাবউদ্দীন সরকার ও ভারপ্রাপ্ত প্রক্টর লোকমান হাকিম উপস্থিত ছিলেন।

শনিবারের সহিংস ঘটনায় সমাজবিজ্ঞান অনুষদের সাবেক ডিন প্রফেসর আশরাফ আলীকে আহ্বায়ক করে ৪ সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটির সদস্যরা হলেন— ডঃ একেএম নূরুল আলম (দাওয়া বিভাগ, সভাপতি), সেলিম তোহা (আইন বিভাগ), সাবেক প্রক্টর ডঃ আবদুল করিম খান (আইন বিভাগ), জাহাঙ্গীর আলম (ইসলামের ইতিহাস)। আগামী ১৫ নবেম্বরের মধ্যে কমিটি তাদের রিপোর্ট পেশ করবে।

এদিকে মহসিন ও আল মামুনের মৃত্যুর প্রতিবাদে ছাত্র শিবির আজ সোমবার কুষ্টিয়া ও ঝিনাইদহ শহরে অর্ধদিবস হরতাল ডেকেছে। ছাত্র শিবির আগামীকাল মঙ্গলবার ভিসি অফিস ঘেরাও করবে। আল মামুন ও মহসিনের মৃত্যুতে প্রগতিশীল শিক্ষকদের সংগঠন শাপলা ফোরাম গভীর দুঃখ প্রকাশ করে বিবৃতি দিয়েছে। বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ রবিবার বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে ও স্থানীয় শেখপাড়া বাজারে মিছিল ও সমাবেশ করেছে। ক্যাম্পাসে এখন একজন ম্যাজিস্ট্রেট ও তিন শতাধিক পুলিশ মোতায়েন রয়েছে।